দৈনিক বাংলা

তারিখ 16.12.79
পৃষ্ঠা 12 কলাম 7



# প্রাথমিক শিক্ষা মৌলিক অধিকার বলে গণ্য হবে: শাহ

কুষ্টিয়া, ১৫ই ডিসেম্বর (বাসস)।—প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান বলেছেন, দেশে প্রাথমিক শিক্ষা ও বৃত্তিমূলক প্রশিক্ষণের ওপর গুরুত্ব আরোপ করে শিক্ষা পদ্ধতির আমূল পরিবর্তন করা হবে।

গতরাতে ইনস্টিটিউট অব ইঞ্জিনীয়ার্স-এর কুষ্টিয়া শাখার বার্ষিক সম্মেলন উদ্বোধন করে প্রধানমন্ত্রী বলেন, প্রস্তাবিত শিক্ষা নীতিতে প্রাথমিক শিক্ষাকে অন্ন, বস্ত্র, চিকিৎসা ও বাসস্থানের মত মৌলিক অধিকার হিসেবে ঘোষণা করা হবে এবং সার্বজনীন বাধ্যতামূলক ও অবৈতনিক করা হবে। আগামী ৮৫ সাল নাগাদ এই প্রক্রিয়া সম্পন্ন হবে এবং বর্তমান প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৪৫ হাজার থেকে ৬৫ হাজারে উন্নীত করা হবে। প্রতিটি গ্রামে যাতে একটি করে প্রাথমিক বিদ্যালয় থাকে তা নিশ্চিত করাই এর উদ্দেশ্য।